তারিখ ... ২৩।১২।৭৯ ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... 4 ...

দৈনিক বাংলা



এসএসসি প্রশ্নপত্র ফাঁসের ঘটনা

# তদন্ত কমিটির নির্দেশ অমান্য করায় স্কুলের অনুমোদন বাতিল

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ, ২১শে ডিসেম্বর।— গত বছর ঢাকা বোর্ডের এসএসসি প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে সরকারী তদন্ত কমিটির নির্দেশ অমান্যের দায়ে ৬৬ বছরের পুরানো সাভার এসি বহুমুখী উচ্চবিদ্যালয়ের অনুমোদন বাতিল করা হয়েছে।

উচ্চ পর্যায়ে গঠিত সরকারের চার সদস্যের তদন্ত কমিটি এসএসসি প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে ব্যাপক তদন্ত চালান। তদন্ত কমিটি তাদের রিপোর্টে সাভার বহুমুখী উচ্চবিদ্যালয়ের হেডমাস্টার জনাব আবদুস সাত্তারের বিরুদ্ধে দায়িত্বজ্ঞানহীনতা, ইচ্ছাকৃত গুরুতর ত্রুটি ও তথ্য গোপন রাখার সুনির্দিষ্ট অভিযোগ আনয়ন করেন।

এসব অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কমিটি উক্ত হাই স্কুলের হেডমাস্টারকে অবিলম্বে বরখাস্ত করার জন্যে স্কুলের ম্যানেজিং কমিটির কাছে জোর সুপারিশ করেছিল। কিন্তু ম্যানেজিং কমিটি সরকারী তদন্ত কমিটির সুপারিশ কার্যকরী না করায় ঢাকা উচ্চ মাধ্যমিক বোর্ড তদন্ত কমিটির রিপোর্টের উপর ভিত্তি করে ৬৬ বছরের পুরানো সাভার এসি বহুমুখী উচ্চবিদ্যালয়ের অনুমোদন বাতিল করে দিয়েছেন। চলতি ১০ই ডিসেম্বর হতে এই বাতিলের আদেশ কার্যকরী হয়েছে। এছাড়াও স্কুলের ম্যানেজিং কমিটিও ভেঙ্গে দেয়া হয়েছে বলে বোর্ডের একজন কর্মকর্তা জানিয়েছেন।

প্রসঙ্গত উল্লেখ্য গত বছর সাভার সোনালী ব্যাংক থেকে এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়। ঢাকার সিআইডি পুলিশ এই প্রশ্ন কেলেংকারীর সাথে জড়িত থাকার অভিযোগে সাভার সোনালী ব্যাংকের ৩ জন গার্ড সাভার হাইস্কুলের জনৈক শিক্ষকসহ ৮ জনকে গ্রেফতার করে।

সিআইডি পুলিশের একজন কর্মকর্তা জানান যে অচিরেই এ ব্যাপারে তারা চার্জশীট দেবেন।

উল্লেখ্য যে সাভার হাইস্কুলের উক্ত হেডমাস্টার ছিলেন সাভার এসএসসি পরীক্ষা কেন্দ্রের সেক্রেটারী, আর সেন্টারের অফিসার ইনচার্জ ছিলেন সাভার থানা (উন্নয়ন) সার্কেল অফিসার।